Greencrest Financial Services Limited
(Formerly known as Marigold Glass Industries Limited)
8, Ganesh Chandra Avenue, 1st Floor, "Saha Court", Kolkata - 700 013.
Phone : +91 33 2236 5426 / 1366, Fax : +91 33 2236 5520

May 29, 2026

**The Deputy Manager**
Department of Corporate Services
**BSE Limited**
P. J. Towers, Dalal Street, Fort
Mumbai – 400 001

Ref: **Scrip Code BSE – 531737**

Sub: **Newspaper advertisement pertaining to Financial Results of Q4FY26**

Respected Sir or Madam,

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 as amended, please find enclosed copies of the newspaper advertisement pertaining to financial results of the Company for the 4th Quarter as well as Financial Year ended on 31st March 2026.

The advertisements were published in English and Bengali newspapers on May 29, 2026.

This information will also be hosted on the Company's website, at www.greencrestfin.com

Thanking You,

Yours Faithfully,
For **GREENCREST FINANCIAL SERVICES LIMITED**
SUSHIL PARAKH
Digitally signed by SUSHIL PARAKH
DN: cn=SUSHIL PARAKH, c=IN, st=West Bengal, o=Personal, title=2749, serialNumber=d51d262e92edd70654abcd3c6fb0ce6aecfcb16ba32190ac0ea80ad24295dd29
Date: 2026.05.29 12:23:27 +05'30'

**SUSHIL PARAKH**
**DIN: 02596801**
**MANAGING DIRECTOR**

Enclosed: Newspaper Cuttings

# শওকত মোল্লার সব নিরাপত্তা প্রত্যাহার

**সুভাষচন্দ্র দাশ, জীবনতলা :** ভোটে হেরে যাওয়ার পর শওকত মোল্লার সব নিরাপত্তা ব্যবস্থা তুলে নেওয়া হল। আগে ধাপে ধাপে তোলা হচ্ছিল। বুধবার রাতে তাঁর সব নিরাপত্তা তুলে নেওয়া হয়। এর ফলে নিরাপত্তাহীনতায় ভুগছেন একদা বাম-তৃণমূল জমানার দাপুটে নেতা শওকত মোল্লা। উল্লেখ্য, সিপিআই(এম) থেকে তৃণমূলে যোগ দেওয়ার পর থেকেই একাধিক নিরাপত্তা বেষ্টনীর মধ্যে থাকতেন শওকত। ধাপে ধাপে বেড়েছিল তাঁর নিরাপত্তার পরিধি। সেই থেকেই জেড ক্যাটাগরির নিরাপত্তা ব্যবস্থায় থাকতেন তিনি। কলকাতা পুলিশ ও জেলা পুলিশের ২ পাইলট গাড়ি দেওয়া হয়েছিল। ২৪ জন সশস্ত্র নিরাপত্তারক্ষী ছিলেন। উল্লেখ্য, ভোটের আগে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভাঙড়ে সভা করতে এসে বলেছিলেন, 'শওকত মোল্লার নিরাপত্তা তুলে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। যদি শওকত মোল্লার নিরাপত্তা তুলে নেওয়া হয় তাহলে আমার নিরাপত্তারক্ষী দিয়ে শওকতকে নিরাপত্তা দেব।' তা নিয়েও রাজনীতিতে চর্চা হয়েছিল। আর ভাঙড় থেকে ভোটে হারতেই নতুন সরকার ক্ষমতায় আসার পরই শওকত মোল্লার সব নিরাপত্তা ব্যবস্থা তুলে নেওয়া হল। বারুইপুর জেলা পুলিশ সূত্রে খবর, শওকত মোল্লা যেহেতু ভোটে জেতেননি ফলে তারজন্য আপাতত কোনো নিরাপত্তা ব্যবস্থা থাকবে না। যাঁরা ছিলেন তাঁরা সকলেই বারুইপুর পুলিশ জেলাতে গিয়ে কাজে যোগ দিয়েছেন।

# বিজেপির গোষ্ঠীকোন্দলে উত্তাল বারাসাত

**সুমন তালুকদার, বারাসাত :** বিজেপির বিধায়ক ও জেলা সভাপতির গোষ্ঠীকোন্দলে উত্তাল বারাসাত। অভিযোগ, বুধবার মাঝরাতে বারাসাতের বিধায়ক শঙ্কর চ্যাটার্জির অনুগামীদের হাতে আক্রান্ত হন বিজেপির বারাসাত সাংগঠনিক জেলার সভাপতি রাজীব পোদ্দার। তাঁকে রড দিয়ে আক্রমণ করার অভিযোগ উঠেছে। প্রথমে তাঁকে বারাসাত সরকারি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটালে পরে অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ই এম বাইপাসের ধারে এক বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তাঁর চিকিৎসা চলছে। জেলা সভাপতি রাজীব পোদ্দারের ওপর হামলা হতে পারে এই আশঙ্কা আগেই ছিল। ভোটের ফল বেরোনোর পর থেকেই রাজীব পোদ্দারকে আক্রমণের ছক তৈরি হয়েছিল বলে রটে গিয়েছিল। শেষমেষ সেই আশঙ্কাই সত্যি হল। বারাসাতে শঙ্কর চ্যাটার্জিকে প্রার্থী করা



নিয়ে বিজেপির অন্দরেই অসন্তোষ ছিল। তাঁর জয়ের পরই দলের মধ্যে বিভাজন শুরু হয়ে গিয়েছিল। তার মধ্যে বারাসাত সাংগঠনিক জেলায় ৭টি বিধানসভার আসনের মধ্যে ৫টিতে বিজেপি জেতায় দলের অন্দরে জেলা সভাপতি রাজীব পোদ্দারের প্রভাব বাড়ছিল। এটা মেনে নিতে পারছিলেন না বিধায়ক ঘনিষ্ঠ বিজেপিরা। জয়ের পর বিজেপি দলের নতুন আসা কর্মীরা বিধায়কের দিকে ভিড় জমাতে থাকেন। ফলে ক্ষমতার অপব্যবহার শুরু হয়ে যায়। ফোন করে ধমকি, হুমকি দুর্নীতিগ্রস্ত বিরোধী দলের নেতাদের সঙ্গে গোপন বৈঠক চলছিল নব্য বিজেপিদের হাত ধরে। শুধু তাই নয়, গ্রেফতার হওয়া দুর্নীতিগ্রস্ত নেতাদের লঘু ধারা দেওয়ার জন্য বারাসাতের বিধায়ক ঘনিষ্ঠরা পুলিশের কাছে দরবার করার মতো অভিযোগও উঠছিল। তা সভাপতি হিসেবে মেনে নিতে পারছিলেন না আরএসএস করা রাজীব পোদ্দার। তারই ফল ভুগতে হল সভাপতিকে। পরিকল্পিতভাবে তাঁর ওপর আক্রমণ করা হয় বলে দাবি আরএসএস করা বিজেপি কর্মীদের। অভিযোগ, পুলিশ দেরিতে আসায় বিজেপির জেলা সভাপতি আক্রান্ত হন। ঘটনার সূত্রপাত হৃদয়পুর থেকে। স্থানীয় এক ক্লাব দখল নিয়ে হৃদয়পুর স্টেশনের লাগোয়া এলাকায় ২ গোষ্ঠীর মধ্যে মারামারি হয়। ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন বেশ কয়েকজন। তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়ার পর উত্তেজিত নব্য বিজেপি, বারাসাত জেলার বিজেপির জেলা সভাপতি রাজীব পোদ্দারের বাড়িতে গিয়ে তাঁকে বেধড়ক মারধর করে। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়ার পর অবস্থা আশঙ্কাজনক বুঝতে পেরে কলকাতায় পাঠানো হয়। বিজেপি দলে নতুন আসা কর্মীদের সঙ্গে বিজেপির পুরোনো কর্মীদের বেশ কয়েক দফায় মারামারি হয়। এই ঘটনায় পুলিশ ২ পক্ষর ৯ জনকে আটক করেছে। বেশ কয়েকজন জখম হন।

# প্রতিশ্রুতি মতো ইছামতী নদী সংস্কারের উদ্যোগে মন্ত্রী অশোক

**সোমনাথ পাল, বনগাঁ :** যেমন কথা তেমন কাজ। ভোটে জিততে তাঁর প্রথম কাজ হবে ইছামতী নদী সংস্কার। কথা দিয়েছিলেন বনগাঁ উত্তরের বিদায়ী বিধায়ক অশোক কীর্তনীয়া। শেষমেষ ভোটে জিতে ফের বিধায়ক হয়েছেন তার সঙ্গে জায়গা পেয়েছেন রাজ্য মন্ত্রীসভায়। এখন তিনি রাজ্যের খাদ্য ও সমবায় মন্ত্রী। এবার প্রতিশ্রুতি পূরণের পালা। সেই মতোই এবার ইছামতী নদী সংস্কারে বিশেষ নজর দিলেন বনগাঁর ভূমিপুত্র তথা মন্ত্রী অশোক কীর্তনীয়া। এনিয়ে জেলা প্রশাসনের সঙ্গে একপ্রস্থ আলোচনাও সেরে ফেলেন মন্ত্রী। এবিষয়ে অশোকের সাফ কথা আগের সরকারের আমলে যা হয়েছে সব খাতায় কলমে। বাস্তবে কাজের কাজ কিছুই হয়নি। ফি বছর বনগাঁ মহকুমার বিস্তীর্ণ এলাকার মানুষকে বন্যার হাত থেকে বাঁচাতে ইছামতী নদী সংস্কার খুবই গুরুত্বপূর্ণ কাজ। দ্রুত তার সঙ্গে বিশেষত বর্ষা আসার আগেই কাজ সম্পন্ন করতে হবে। সেই মতো যেখানে বলার সেখানে সব বলা হয়েছে। এবার শুধু পলি উত্তোলন নয় নদীর উৎস মুখ থেকে শুরু হবে ইছামতী সংস্কারের কাজ। যেখানে বিগত কয়েক বছর বেআইনি ইট ভাটার জেরে বন্ধ হয়ে গিয়েছে নদীর উৎস মুখ। বেআইনি ভাবে নদীর চর দখল করে যে যাই করুক কাউকে রেয়াত করা হবে না উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে। রাজ্যের নতুন সরকারের মন্ত্রীর এই আশ্বাসে স্বভাবতই খুশির হাওয়া বনগাঁ মহকুমায় ফিবছর বন্যার জলে ডোবা মানুষের মনে। তবে এই প্রথম নয় বিগত তৃণমূল সরকারের আমলেও ইছামতী নদী থেকে পলি উত্তোলনের কাজ হয়েছে বার কয়েক। তাতে অবশ্য কাজের কাজ কিছুই হয়নি। উলটে ইছামতী নদী পাড়ের মাটি বেআইনি ভাবে বিক্রির অভিযোগ উঠেছে বিগত সরকারের দায়িত্বশীল নেতা মন্ত্রীর ওপর।



অন্যদিকে নদী পারে জমিয়ে রাখা নদী কাটাইয়ের মাটি বর্ষার জলে ফের নদীতেই চলে গেছে বলে অভিযোগ। তার ওপর ইছামতী নদীর উৎসমুখ সংস্কারে কোনোদিন নজরই দেয়নি আগের সরকার। যার জেরে উপযুক্ত জল আর স্রোতের অভাবে পলি পড়ে ইছামতীর জলধারণ ক্ষমতা কমে গেছে দিনের পর দিন বছরের পর বছর। উলটে রোতহীন ইছামতীতে নোংরা আবর্জনা আর কচুরীপানায় ভরে গেছে নদী। যাই হোক এখন রাজ্যে নয়া সরকার। আর এই সরকারের মন্ত্রী তথা বনগাঁর ভূমিপুত্র অশোকের কথায় ভরসা পাচ্ছেন আপামর বনগাঁবাসী। শেষমেষ ইছামতী তার পুরোনো রুপ ফিরে পাই কি না কিংবা বর্ষা এলেই মহকুমার বিস্তীর্ণ এলাকার মানুষের বন্যার হাত থেকে রেহাই মেলে কিনা সেটাই এখন দেখার।

# ইন্দপুরে নিখোঁজ সরকারি অ্যাম্বুলেন্স ফিরল ১০ বছর পর

**কার্তিক ঘোষ, বাঁকুড়া :** রাজ্যের সরকারি অ্যাম্বুল্যান্সও নাকি 'উধাও' হয়ে যায়। তাও ১-২দিন নয়, টানা ১০ বছর। রাজ্যে পালা বদলের পর বুধবার সকালে সেই 'উধাও' অ্যাম্বুল্যান্স আচমকা বাঁকুড়ার ইন্দপুরের গৌউরবাজার পঞ্চায়েত অফিসের সামনে হাজির হতেই হতবাক ওই এলাকার মানুষ সহ বাঁকুড়া জেলাবাসী। স্থানীয়দের দাবি, ২০১৬ সালে তালডাংরার তৎকালীন তৃণমূল বিধায়ক সমীর চক্রবর্তী তাঁর বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে গৌউরবাজার গ্রামপঞ্চায়েতকে ১টি অ্যাম্বুল্যান্স উপহার দেন। কাগজে-কলমে পঞ্চায়েত পেলেও, বাস্তবে তার চাকা গড়ায়নি। এলাকার মানুষের দাবি, শুধু শুনেছেন, চোখে দেখেননি কখনো। ১০ বছর পর এদিন সকালে এক ব্যক্তি সেই অ্যাম্বুল্যান্স চালিয়ে সোজা হাজির পঞ্চায়েত দফতরে। গাড়ি দেখে চক্ষু চড়কগাছ সবার। এই ১০ বছর অ্যাম্বুল্যান্সটি কোথায় লুকিয়ে ছিল? কার গ্যারাজে ছিল? কিংবা কার সেবায় লেগেছে? এসব কোনো প্রশ্নের উত্তর নেই। এনিয়ে প্রশ্ন করতেই মুখে কুলুপ এঁটেছেন স্থানীয় তৃণমূল নেতৃত্ব থেকে পঞ্চায়েত প্রধান সকলেই। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছেন স্থানীয় বিজেপি কর্মীরা। অ্যাম্বুল্যান্সের চালককে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেন তাঁরা। এনিয়ে বাঁকুড়া জেলা বিজেপির সাধারণ সম্পাদক দেবাশিস লায়েক বলেন, 'আপাতত গোটা গৌউরবাজার তাকিয়ে প্রশাসনের দিকে। তদন্ত হবে, নাকি ফের ধামাচাপা পড়বে এই ভূতুড়ে অ্যাম্বুল্যান্সকাণ্ড? আপাতত এই প্রশ্নের উত্তর নেই কারো কাছেই। প্রকৃত ঘটনা জানতে উৎসুক গৌউরবাজার এলাকার মানুষ।'

# ঈদগাহ ময়দানে দেখা গেল না তৃণমূল নেতাদের

**অশোক মণ্ডল, দুবরাজপুর :** বৃহস্পতিবার নামাজ শেষে এবার অন্য চিত্র দেখল দুবরাজপুরের ইসলামপুরের ইসলাম ধর্মাবলম্বী মানুষ। এবার সম্প্রীতির বার্তা নিয়ে রাজনৈতিক নেতাদের মূলত তৃণমূল নেতাদের কারো দেখা মিলল না। প্রতিবার প্রাক্তন বিধায়ক থেকে শুরু করে দুবরাজপুর পুরপ্রধান, শহর তৃণমূল সভাপতি সকলের উপস্থিতি সম্প্রীতির বন্ধন দৃঢ় করে। এবার অন্য চিত্র দেখল এলাকার মানুষ। ওইসব নেতাদের অনুপস্থিতিতে নানা প্রশ্ন চিহ্ন দেখা দিয়েছে। তবে দুবরাজপুরের পুরপ্রধান পীযূষ পান্ডে জানান, 'আমরা ইদের সময় কুশল বিনিময় করতে ঈদগাহ ময়দানে হাজির হই। ঈদ-উল-আযহা উৎসবে কখনোই যাইনি।' জানা গেছে, ঈদগাহ ময়দানে না গেলেও ইসলামপুরের ইসলাম ধর্মাবলম্বী মানুষের কাছে সম্প্রীতির বার্তা পাঠানো হয়েছে বলে দাবি। ইসলামপুর যোলআনা কমিটির আহ্বায়ক শেখ সরদার জানান, 'ঈদ-উল-আযহার শুভেচ্ছা জানাই সকল ধর্মের মানুষকে।' তৃণমূল নেতাদের ঈদগাহ ময়দানে না আসা নিয়ে কোনো মন্তব্য করতে চাননি তিনি। তিনি জানান, 'সকলেই একসঙ্গে বসবাস করি। আমরা একে অপরের পরিপূরক।'

# বাঁকুড়ার কাউন্সিলরের স্বামী ফের পুলিশের হেফাজতে


**নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া :** বাঁকুড়ার শহরের দাপুটে তৃণমূল নেতা তথা বাঁকুড়া পুরসভার তৃণমূল কাউন্সিলরের স্বামী পীযূষ গুপ্তকে বাপি চক্রবর্তীকে বৃহস্পতিবার কোর্টে তোলা হলে ফের ৫ দিনের পুলিশ হেফাজতের আদেশ দেন বিচারক। তাকে শনিবার রাতে গ্রেফতার করে রবিবার আদালতে তোলা হলে বিচারক ৪ দিনের পুলিশি হেফাজতের আদেশ দিয়েছিলেন। গত ২০ মে প্রভাতরঞ্জন গুপ্ত নামে এক রঙ ব্যবসায়ী বাঁকুড়া সদর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। বাপির বিরুদ্ধে ব্যবসায়ীর কাছে টাকা আদায়, তোলাবাজি সহ নানা অভিযোগের ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে। উল্লেখ্য, এই বাপি তৃণমূলের দাপুটে নেতা বাঁকুড়ার সাংসদ অরূপ চক্রবর্তীর অত্যন্ত ঘনিষ্ঠ। সে নিজে ও তার কাউন্সিলর স্ত্রী পিঙ্কি চক্রবর্তী তৃণমূলের প্রভাবশালী নেতা। তাই তৃণমূলের শাসনকালে এই প্রভাবশালী নেতার বিরুদ্ধে থানায় অভিযোগ জানানোর সাহস পাননি কেউ। জানা গেছে, ধৃতর বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ১২৬/২ ধারায় কাজে বাধা দেওয়া, ৩০৮/৫ ধারায় তোলাবাজি ও ৩৫১/২ ধারায় ভয় দেখানোর অভিযোগ আনা হয়েছে।

# ক্যানিংয়ের মৌখালিতে নদীর চর বুজিয়ে তৃণমূল নেতা শওকাত মোল্লার ছেলের বেআইনি ক্যাফে

**উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, ক্যানিং :** ক্যানিং নদীর চর বুজিয়ে বেআইনিভাবে ক্যাফে তৈরির অভিযোগ উঠলো এবার তৃণমূলের শওকাত মোল্লার ছেলের বিরুদ্ধে। মৌখালী ব্রিজের কাছে মাতলা নদীর তীরে বিশাল ক্যাফে। ম্যানগ্রোভ অরণ্যের দুই দিকে তাকালেই দেখা যাবে বিশাল এলাকা জুড়ে এই ক্যাফে তৈরি করা হয়েছে। বিশাল এই ক্যাফে তৈরি হয়েছে বিঘার পর বিঘা নদীর চর শুধুমাত্র ভরাট করে। এমনই অভিযোগ উঠছে। শুধু তাই নয়, স্থানীয় বিজেপি নেতাদের দাবি,ক্যাফে তৈরিই নয়, শওকাত মোল্লার অনুগামীরা মৌখালী ব্রিজের আশপাশে কয়েকশো বিঘা নদীর চর মাটি ফেলে ভরাট করেছে। পরে সেই সরকারি জমি কোটি কোটি টাকায় বিক্রি করে দেওয়া হয়েছে বলেও অভিযোগ। জানা গেছে, এই ক্যাফের মালিক শওকাত মোল্লার ছেলে ইমরান মোল্লা। স্থানীয়দের অভিযোগ, বাবা দাপুটে শওকাত মোল্লার রাজনৈতিক দাপট ও ক্ষমতাকে ঢাল করে তার ছেলে ইমরান মোল্লা সম্পূর্ণ বেআইনি ভাবে এই ক্যাফেটানছে। এর আগে ইমরান মোল্লার বিরুদ্ধে ডেলিভারি বয়কে হকি স্টিক দিয়ে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছিল। ক্যানিংয়ের মৌখালী ব্রিজের ৫ কিলোমিটারের মধ্যেই রয়েছে ক্যানিং মহকুমাশাসক ও এসডিপিও অফিস। এত কাছে গুরুত্বপূর্ণ সরকারি দফতর থাকার পরেও কীভাবে প্রশাসনের নাকের ডগায় দিনের পর দিন এই বেআইনি নির্মাণ ও নদী ভরাটের কাজ চললো, তা নিয়ে প্রশ্ন উঠেছে। বিজেপি নেতৃত্বের দাবি, 'তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা কেউ রেস্তোরাঁ, কেউ বড়ো বড়ো লজ করে বসে আছে। আর এটা হয়েছিল প্রশাসনের নাকের ডগায়। প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি। আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানাবো সরকারের কাছে।'

# বীর সাভারকরের জন্মদিন উপলক্ষে বাঁকুড়ায় সভা

**দীপেন দাঁ, বাঁকুড়া :** বৃহস্পতিবার ভারতের স্বাধীনতা সংগ্রামের বীর যোদ্ধা বিনায়ক দামোদর সাভারকরের জন্মজয়ন্তী মহাসমারোহে পালিত হল বাঁকুড়ায়। এই উপলক্ষে বাঁকুড়া জেলা হিন্দু মহাসভার উদ্যোগে এদিন বিকালে এক বিশাল সভা ও দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশনের আয়োজন হয়। বাঁকুড়া শহরের রানীগঞ্জ মোড়ে স্থাপিত সাভারকরের ব্রোঞ্জ মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য নিবেদন করেন হিন্দু মহাসভার কর্মকর্তারা হিন্দু মহাসভা আয়োজিত এই বিশাল সভায় স্বামী রামেশ্বর পুরী মহারাজ, প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডাঃ সুভাষ সরকার, বিশ্বহিন্দুপরিষদের জেলা কার্যকর্তা রণধীর মুখোপাধ্যায়, বিশিষ্ট



সাংবাদিক সোমনাথ বরাটসহ বিশিষ্ট বক্তারা সাভারকরের দেশপ্রেম, একই জীবনে দুবার যাবজ্জীবন কারাদণ্ড, স্বাধীনতা আন্দোলনে সেলুলার জেলে বন্দিদশায় বৃটিশদের অকথ্য অত্যাচার সহ্য করেও কারাবাসেই শুরু রচনা, কলমের অভাবে দেওয়ালে কাঠ কয়লা, ইটের টুকরো দিয়ে কবিতা রচনা, জাহাজে বন্দী অবস্থায় সমুদ্রে ঝাঁপ দিয়ে একটানা সাঁতরে ফ্রান্সের উপকূলে পৌঁছোনোর রোমহর্ষক কাহিনি তুলে ধরেন। সভায় বৃন্দাবন বরাট, সুপ্রিয় পাল ও বন্দনা মুখার্জি দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন। এছাড়াও সমবেত নৃত্য পরিবেশিত হয়। **ছবি : রূপেশ খাঁ**

## নাম ও পদবি পরিবর্তন

আমি **Sahabuddin Mondal, S/o. Zulfikar Ali,** কামদেবকাটি, থানা-দেগঙ্গা, উত্তর ২৪-পরগনা, পিন-৭৪৩৪৩৮। আমার কন্যা **Maryam**-এর জন্ম সার্টিফিকেটে তাহার পদবী **Sultana** না রেকর্ড হওয়ায় গত ০৯.০৪.২৬, ক্রম নং ৮৩০২ আলিপুর প্রথম শ্রেনীর জুডিশিয়াল মেজিস্ট্রেট কোর্টের এফিডেভিটে সে **Maryam Sultana** নামে সর্বত্র পরিচিত হইল।

## নাম ও পদবি পরিবর্তন

আমি **WALIUL ISLAM,** আমার প্রয়োজনীয় ডকুমেন্টস-এ পিতার নাম (এখন মৃত) বাকের আলি মণ্ডল, বাকের আলি এবং বাকের আলি ইসলাম আছে। গত ইং **27-01-2026** বারাসাত **1st** ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে **1728** নং এফিডেভিট বলে আমার পিতা বাকের আলি ইসলাম নামে পরিচিত হইল। আমার (পিতা) (এখন মৃত) বাকের আলি মণ্ডল, বাকের আলি এবং বাকের আলি ইসলাম একই ব্যক্তি।

## প্রাইম ক্যাপিটাল মার্কেট লিমিটেড

CIN : L67120OR1994PLC003649

রেজিস্টার্ড অফিস : ওইউ-৬১৮, ষষ্ঠ তল, এসপ্ল্যানেড-১, রসুলগড়, পো : মঞ্চেশ্বর, জেলা : খুড়দা, ভুবনেশ্বর, ওড়িশা - ৭৫১০১০

অ্যাডমিনিস্ট্রেটিভ অফিস: পি-২৭, প্রিন্সেপ স্ট্রীট, তৃতীয় তল, কলকাতা - ৭০০ ০৭২

ই-মেল : primecapital.kolkata@gmail.com, ওয়েবসাইট : www.primecapitalmarket.in

৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফল (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ২৯৮২.০৬ | ৬৬১.৭১ | ৩২৫৭.৮০ | ৭০২.৯২ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং /অথবা অতিরিক্ত দফার আগে) | (১৯৫.৭৪) | ৬৯.০৬ | (১১২.৭৩) | ৮২.৫৩ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | (২০০.২৪) | ৬৭.১৫ | (১১৭.২৩) | ৮০.৬২ |
| ৪. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)] | (১৫০.৯৭) | ৪৮.৮১ | (৮৮.৮৬) | ৫৮.৯১ |
| ৫. | পরিশোধিত ইক্যুটি শেয়ার মূলধন (প্রত্যেকটির প্রারম্ভিক মূল্য ১০/- টাকা করে) | ১০০০.০১ | ১০০০.০১ | ১০০০.০১ | ১০০০.০১ |
| ৬. | অন্যান্য ইক্যুইটি | | | (৭৭.৫৪) | ১১.২০ |
| ৭. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (লক্ষ্যণীয় দফার আগে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | | |
| ক. | অ. মূল | (১.৫১) | ০.৬৭ | (০.৮৯) | ০.৮১ |
| | আ. লঘুকৃত | (১.৫১) | ০.৬৭ | (০.৮৯) | ০.৮১ |

দ্রষ্টব্য :
১. সেবি এলওডিআর রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা ৩১.০৩.২০২৬ তারিখে কোম্পানীর বিস্তারিত একমেবাদ্বিতীয়ম ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জ/গুলিতে নথিভুক্ত করা হল। ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইট "www.primecapitalmarket.in" ও স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com-এ।

প্রাইম ক্যাপিটাল মার্কেট লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
আদর্শ পুরোহিত
ম্যানেজিং ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ২৮ মে, ২০২৬

## MANGLAM INDIA LIMITED

CIN: L51420WB1993PLC060955

Regd Office : 10, Princep Street, 2nd Floor, Kolkata-700072

Email : info@manglamindia.com, Website : www.manglamindia.in

Phone : 033-4002 2880

**STATEMENT OF STANDALONE FINANCIAL RESULTS FOR THE YEAR ENDED MARCH 31, 2026** (Rs. In Lacs)

| Sr. No. | Particulars | Quarter ended March 31, 2026 (Audited) | Quarter ended March 31, 2025 (Audited) | Year ended March 31, 2026 (Audited) | Year ended March 31, 2025 (Audited) |
|---|---|---|---|---|---|
| 1 | Revenue from Operations | - | - | - | - |
| 2 | Other Income | - | - | - | - |
| 3 | **Total Income** | - | - | - | - |
| 4 | Net Profit for the period (before Tax, Exceptional and/or Extraordinary items) | -1.21 | -7.07 | -4.21 | -8.76 |
| 5 | Net Profit for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | -1.21 | -7.07 | -4.21 | -8.76 |
| 6 | Total Comprehensive Income for the period [Comprising Profit for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | -1.21 | -7.07 | -4.21 | -8.76 |
| 7 | Paid-up Equity Share Capital (Face Value of Rs. 10 each) | 521.14 | 521.14 | 521.14 | 521.14 |
| 8 | Other Equity | - | - | -632.52 | -628.32 |
| 9 | **Earnings per Equity Shares of par value of Rs. 10 each** | | | | |
| | Basic Earnings Per Share (Rs.)* | -0.02 | -0.04 | -0.08 | -0.17 |
| | Diluted Earnings Per Share (Rs.)* | -0.02 | -0.04 | -0.08 | -0.17 |

1 The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
2 The Standalone financial results for the quarter ended 31 March, 2026 were reviewed by the Audit Committee and have been approved and taken on record by the Board of Directors at its meeting held on 27th May,2026. The Statutory auditors have issued unmodified reports on these results.
3 Financial results for all the periods presented have been prepared in accordance with the Companies (Indian Accounting Standards) Rules, 2015 (as amended from time to time) prescribed under section 133 of the Companies Act, 2013 and other recognised accounting practices and policies to the extent applicable.

By Order of the Board
For **Manglam India Limited**
Sd/- **Manoj Saraogi**
Chairman and Managing Director
DIN:00278490

Place: Kolkata
Date: 28.05.2026

## SAUMYA CONSULTANTS LTD.

CIN: L67120WB1993PLC061111; Regd Office: A-402, Mangalam, 24/26 Hemanta Basu Sarani, Kolkata- 700 001; Tel No. (033)22436242, Email: saumyaconsultants@gmail.com

**EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED MARCH, 31, 2026** ₹ in Lakhs

| Sr. No. | Particulars | QUARTER ENDED 31.03.2026 Audited | QUARTER ENDED 31.12.2025 Unaudited | QUARTER ENDED 31.03.2025 Audited | YEAR ENDED 31.03.2026 Audited | YEAR ENDED 31.03.2025 Audited |
|---|---|---|---|---|---|---|
| 1 | Total Income | (702.60) | 377.69 | (21.62) | 992.74 | 4088.39 |
| 2 | Net Profit/(Loss) before Exceptional Items and tax | (1531.29) | 156.98 | (954.18) | (625.77) | 876.47 |
| 3 | Net Profit/(Loss) from before tax (after Exceptional Items) | (1531.29) | 156.98 | (954.18) | (625.77) | 876.47 |
| 4 | Net Profit/(Loss) from the period after tax (after Exceptional Items) | (1328.61) | 108.17 | (1234.55) | (437.22) | 921.14 |
| 5 | Total Comprehensive Income for the period | (1326.72) | 108.17 | (1236.13) | (435.33) | 919.56 |
| 6 | Paid up Equity Share Capital (F.V-10/-) | 690.69 | 690.69 | 690.69 | 690.69 | 690.69 |
| 7 | Earnings per Share(E.P.S) (of ₹10/-each) Not annualised | | | | | |
| | Basic | (19.24) | 1.57 | (17.87) | (6.33) | 13.34 |
| | Diluted | (19.24) | 1.57 | (17.87) | (6.33) | 13.34 |

**Notes:**
**1.** The above results have been reviewed by the Audit Committee and subsequently approved by the Board of Directors at their meeting held on Thursday, 28th May, 2026. **2.** The Company does have not more than one reportable segment. Accordingly, segment information is not required to be provided. **3.** The figures for the three months ended 31.03.2026 , are the balancing figures between the audited figures in respect of full financial year ended 31.03.2026 and the year to date figures upto nine months of relevant financial year. **4.** The Board has not proposed to recommend dividend on the equity shares of the Company .

By order of the Board
For Saumya Consultants.Ltd
(Arun Kumar Agarwalla),
Managing Director, DIN: 00607272

Place: Kolkata,
Dated: the 28th May, 2026

## ভি বি ইন্ডাস্ট্রিস লিমিটেড

রেজিস্টার্ড অফিস : পি-২৭, প্রিন্সেপ স্ট্রীট, তৃতীয় তল, কলকাতা - ৭০০ ০৭২

CIN : L51909WB1982PLC035222 ই-মেল : vbindustries1@gmail.com, ওয়েবসাইট : www.vbindustriesltd.com

৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফল (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ৬৯৫.৪১ | ৮৮.৯৩ | ৮৫৩.৪৫ | ২৯৫.৯৩ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং /অথবা অতিরিক্ত দফার আগে) | (১১৯.৫৮) | (৩৪.৫৮) | ১৯.৫৯ | ২৭.১৯ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | (১১৯.৫৮) | (৩৪.৫৮) | ১৯.৫৯ | ২৭.১৯ |
| ৪. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)] | (৯০.৪৭) | (৬০.৬৩) | ১৩.৬৭ | (৯.৩১) |
| ৫. | পরিশোধিত ইক্যুটি শেয়ার মূলধন (প্রত্যেকটির প্রারম্ভিক মূল্য ১০/- টাকা করে) | ১৩১০.৮০ | ১৩১০.৮০ | ১৩১০.৮০ | ১৩১০.৮০ |
| ৬. | অন্যান্য ইক্যুইটি | | | ৮২১০.১৫ | ৮১৯৬.৪৮ |
| ৭. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (লক্ষ্যণীয় দফার আগে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | | |
| ক. | অ. মূল | (০.৬৯) | (০.৪৬) | ০.১০ | (০.০৭) |
| | আ. লঘুকৃত | (০.৬৯) | (০.৪৬) | ০.১০ | (০.০৭) |

দ্রষ্টব্য :
সেবি এলওডিআর রেগুলেশনস, ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা কোম্পানীর ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত বিস্তারিত একমেবাদ্বিতীয়ম ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইট www.vbindustriesltd.com ও স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com-এ।

ভি বি ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
ধ্রুব নারায়ণ ঝা
ম্যানেজিং ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ২৮ মে, ২০২৬

## ENTERPRISE INTERNATIONAL LTD.

Regd. Office: " MALAYALAY" Unit No. 2A(s), 2nd Floor, 3 Woodburn Park, Kolkata-700020

CIN No.L27104WB1989PLC047832

Ph. No.: 033-40448394; E-mail: contact@eilgroup.com , website www.eilgroup.co.in.

**EXTRACT STANDALONE AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2026**

| Sl. No. | Particulars | Quarter ended 31-03-2026 (Un-audited) | Quarter ended 31-12-2025 (Un-audited) | Quarter ended 31-03-2025 (Un-audited) | Year ended 31-03-2026 (Audited) | Year ended 31-03-2025 (Audited) |
|---|---|---|---|---|---|---|
| 1 | Total income from operations | 16.74 | 472.84 | 86.97 | 489.58 | 754.99 |
| 2 | Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#) | 2.21 | (4.76) | (5.14) | (2.55) | 44.54 |
| 3 | Net Profit/(Loss) for the period before Tax (after Exceptional and/or Extraordinary items#) | 2.21 | (4.76) | (5.14) | (2.55) | 44.54 |
| 4 | Net Profit/(Loss) for the period after Tax (after Exceptional and/or Extraordinary items#) | 3.65 | (5.09) | (4.18) | (1.44) | 50.49 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | (6.64) | (80.12) | 0.57 | (86.76) | (63.26) |
| 6 | Equity Share Capital | 298.46 | 298.46 | 298.46 | 298.46 | 298.46 |
| 7 | Reserves (excluding Revalustion Reserve) as a shown in the Audited Balance Sheet of the previous year | - | - | - | 976.39 | 1,064.59 |
| 8 | Earning Per Share (of 10/- each)(for continuing and discountunued operations) | | | | | |
| | Basic : | 0.12 | (0.17) | (0.14) | (0.05) | 1.69 |
| | Diluted : | 0.12 | (0.17) | (0.14) | (0.05) | 1.69 |

**1)** The above Financial Results were reviewed by the Audit Committee and approved by the Board of Directors of the Company at the meeting held on 28th, May, 2026.
**2)** The above is an extract of the detailed format of Financial Results filed with the Stock Exchange under regulation 33 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarter & Year ended Finacial Results are available on the Stock Exchage Website **www.bseindia.com** and the Company's website **www.eilgroup.co.in**.

For ENTERPRISE INTERNATIONAL LTD.
Sd/- Gopal Das Sarda (Whole time Director)
DIN : 00565666

Place : Kolkata
Date : 28th May, 2026

## ওয়্যারস অ্যান্ড ফেব্রিক্স (এস.এ.) লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৭, চিত্তরঞ্জন অ্যাভেনিউ, কলকাতা - ৭০০ ০৭২

ই-মেল : ig@wirefabrik.com; CIN NO. : L29265WB1957PLC023379

৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের একমেবাদ্বিতীয়াম নিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৫ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | সমাপ্ত অর্থ বছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত অর্থ বছর ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| কাজের থেকে মোট আয় | ২৮৭৬.৪১ | ২৯৩৯.৬২ | ২৬৫৭.৯০ | ১১৫৪৪.৯৭ | ১০৯০২.৪১ |
| ওই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (করের ও ব্যতিক্রমী ও /বা অতিরিক্ত দফার আগে) | ১০.৩৪ | ১৯.৯৬ | ৫০.৩৯ | ৫২.৭০ | ২১০.৯১ |
| করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পর) | ১০.৩৪ | ১৯.৯৬ | ৫০.৩৯ | ৫২.৭০ | ২১০.৯১ |
| করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পর) | ১৫.০৪ | ৭.৬৯ | ৩০.৮০ | ২৬.৪৩ | ১৫০.৩৩ |
| এই পর্বের জন্য মোট সর্বাঙ্গীন আয় [(এই পর্ব থেকে সর্বাঙ্গীন আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য সর্বাঙ্গীন আয় (করের পর)] | ২৪.১৩ | ৭.৬৯ | ৩০.৮৮ | ৩৫.৫২ | ১৫০.৪১ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৩০৫.৬৩ | ৩০৫.৬৩ | ৩০৫.৬৩ | ৩০৫.৬৩ | ৩০৫.৬৩ |
| মজুত (পুনর্মূল্যায়ন মজুত ব্যতীত) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালান্স শীট অনুযায়ী শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | - | - | - | ৪৭৫৯.৮৩ | ৪৭২৭.৩৭ |
| ক. মূল | ০.৪৯ | ০.২৫ | ১.০১ | ০.৮৬ | ৪.৯২ |
| খ. লঘুকৃত | ০.৪৯ | ০.২৫ | ১.০১ | ০.৮৬ | ৪.৯২ |

**দ্রষ্টব্য :** সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **www.bseindia.com** ও কোম্পানীর ওয়েবসাইট **www.wirefabrik.com** এছাড়াও নীচের কিউআর কোডটি স্ক্যান করলেও পাওয়া যাবে।

ওয়্যারস অ্যান্ড ফেব্রিক্স (এস.এ.) লিমিটেড-এর পক্ষে
এম. খৈতান
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00459612

স্থান : জয়পুর
তারিখ : ২৮.০৫.২০২৬

## গ্রীনক্রেস্ট ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ৮ গণেশ চন্দ্র অ্যাভেনিউ, প্রথম তল, কলকাতা - ৭০০ ০১৩

CIN : L65921WB1993PLC057785

ই-মেল : greencrestfin@gmail.com, ওয়েবসাইট : www.greencrestfin.com

৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফল (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ১৪০৯.৬০ | ১২৪৮.৯৬ | ৩৮১৪.১৪ | ৭১৭৭.৮২ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং /অথবা অতিরিক্ত দফার আগে) | (১৭৯.৬২) | (৫২৪.৯৭) | ১৮৯.৪৮ | ১৯৯.১৯ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | (১৭৯.৬২) | (৫২৪.৯৭) | ১৮৯.৪৮ | ১৯৯.১৯ |
| ৪. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)] | (১৪১.২৭) | (৪২০.০৩) | ১৩৪.৮৯ | ১২১.৯৩ |
| ৫. | পরিশোধিত ইক্যুটি শেয়ার মূলধন (প্রত্যেকটির প্রারম্ভিক মূল্য ১/- টাকা করে) | ৩৬৫৫.০৮ | ৩৬৫৫.০৮ | ৩৬৫৫.০৮ | ৩৬৫৫.০৮ |
| ৬. | অন্যান্য ইক্যুইটি | | | ২০১৩.৩৫ | ১৮৫৭.৩২ |
| | ইক্যুইটি শেয়ারের প্রারম্ভিক মূল্য টাকায় | ১.০০ | ১.০০ | ১.০০ | ১.০০ |
| ৭. | শেয়ার প্রতি আয় (লক্ষ্যণীয় দফার আগে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | | |
| ক. | অ. মূল | (০.০৪) | (০.১১) | ০.০৪ | ০.০৩ |
| | আ. লঘুকৃত | (০.০৪) | (০.১১) | ০.০৪ | ০.০৩ |

দ্রষ্টব্য :
সেবি এলওডিআর রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা ৩১.০৩.২০২৬ তারিখে কোম্পানীর বিস্তারিত একমেবাদ্বিতীয়ম ত্রৈমাসিকের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জ/গুলিতে নথিভুক্ত করা হল। ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইট "www.greencrestfin.com" ও স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com-এ।

গ্রীনক্রেস্ট ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
সুশীল পারেখ
ম্যানেজিং ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ২৮.০৫.২০২৬

